



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইট: www.techedu.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০৪৭.২৩-৫৭১ (ক)

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

বিষয়: নিয়োগ-বাছাই কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ বাকাশিবো স্মারক নং- ৫৭.১৭.০০০০.৪০৩.১১.০১৩.২২.১৭২৭/৭০৫৫, তারিখ-২৮/০২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলাধীন দক্ষিণ কেওয়াবুনিয়া দাখিল মাদ্রাসা সংযুক্ত এস.এস.সি ভোকেশনাল এর সুপারিনটেনডেন্ট তাঁর প্রতিষ্ঠানে এস.এস.সি (ভোক) শিক্ষাক্রমের জন্য “ল্যাব/ শপ এসিস্ট্যান্ট (জেনারেল ইলেক্ট্রিনিয়)-০১ জন” ও “ল্যাব/ শপ এসিস্ট্যান্ট (সিভিল কম্পিউটার)-০১ জন” নিয়োগের জন্য নিয়োগ বাছাই কমিটিতে ডিজি মহোদয়ের প্রতিনিধির জন্য অত্র দপ্তরে আবেদন করেন।

২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আবেদন যাচাই-বাছাই করে নিম্নোক্ত অসঙ্গতি দেখা যায়ঃ

(ক) বাকাশিবো স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০৩.১১.০১৩.২২.১৭২৭/৭০৫৫, তারিখ-২৮/০২/২০২৩ এ গঠিত নিয়োগ বাছাই কমিটির পত্র অনুযায়ী ১৩/০২/২০২৩ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও আবেদন যাচাইকালে দেখা যায় উক্ত পদে আবেদনকারী সকলেই ১৩/০২/২০২৩ তারিখের আগে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করেছেন যেটি গ্রহণযোগ্য নয়। এছাড়াও ১৫/০৮/২০২২ তারিখে পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও ১৩/০২/২০২৩ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তিতে পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি সংক্রান্ত কোনো কিছু উল্লেখ নেই।

(খ) হালনাগাদ ম্যানেজিং কমিটি কর্তৃক বৈধ প্রার্থী নির্ধারণ সংক্রান্ত রেজুলেশন সংযুক্ত নেই।

(গ) প্রতিষ্ঠানে বিগত ৩ বছরের ছাত্র-ছাত্রী ভর্তির প্রমাণক (বাকাশিবো কর্তৃক অনলাইন কপি) সংযুক্ত নেই।

(ঘ) বাকাশিবো কর্তৃক প্রতিষ্ঠানে পাঠদান অনুমতির সকল পত্র সংযুক্ত নেই।

(ঙ) প্রতিষ্ঠানের ধরণ সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত নেই।

(চ) আবেদনকারীদের মধ্যে জনাব তানজিলা আক্তার, জনাব ফারজানা আক্তার মিতু, জনাব মোঃ আবু ইউসুফ, জনাব মোঃ শফিকুল ইসলাম, জনাব মোঃ ইমরান হোসেন, জনাব মোঃ আলীম হোসেন ও জনাব মোঃ আতাউল এর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত নেই।

৩। এমতাবস্থায়, উক্ত নিয়োগ বাছাই কমিটিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি প্রদানের আপাতত সুযোগ নেই। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

সুপারিনটেনডেন্ট,
দক্ষিণ কেওয়াবুনিয়া দাখিল মাদ্রাসা সংযুক্ত এস.এস.সি ভোকেশনাল,
পোঃ খাটাশিয়া বাজার, উপজেলাঃ পটুয়াখালী, জেলা- পটুয়াখালী

স্বাক্ষরিত/-
বিমল কুমার মিশ্র
সহকারী পরিচালক (এমপিও)
ইমেইলঃ dtempo16@gmail.com

স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০৪৭.২৩-৫৭১ (ক)

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

২। সভাপতি, দক্ষিণ কেওয়াবুনিয়া দাখিল মাদ্রাসা সংযুক্ত এস.এস.সি ভোকেশনাল, পোঃ খাটাশিয়া বাজার, উপজেলাঃ পটুয়াখালী, জেলা- পটুয়াখালী

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সংরক্ষণ নথি।

২৭.০৪.২০২৩

বিমল কুমার মিশ্র
সহকারী পরিচালক